গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
jagannathpur.sunamganj.gov.bd

**জগন্নাথপুর উপজেলা আইন শৃঙ্খলা কমিটির জানুয়ারি / ২০২২ খ্রি. মাসের সভার কার্যবিবরণী :**

সভাপতি : জনাব মোঃ সাজেদুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
তারিখ : ১৭/০১/২০২২ খ্রি. সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
সভার উপস্থিতি: পরিশিষ্ট “ক” তে প্রদর্শিত

সভায় উপস্থিত জগন্নাথপুর থানার নবাগত অফিসার ইনচার্জ সহ সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানার, ডিসেম্বর/ ২০২১ মাসের উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অপরাধের তুলনামূলক চিত্র তুলে ধরেন।

(অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা হতে প্রাপ্ত প্রতিবেদনের প্রেক্ষিতে)

**ডিসেম্বর / ২০২২**

| ক্রমিক নং | অপরাধের ধরণ | আলোচ্য মাস | বিগত মাস | বিগত বছরের অনুরূপ মাস |
|---|---|---|---|---|
| ০১ | ডাকাতি | | | |
| ০২ | দস্যুতা | - | - | - |
| ০৩ | সিঁধেল চুরি | - | -- | - |
| ০৪ | গবাদি পশু চুরি | - | - | - |
| ০৫ | গাড়ি চুরি | | - | - |
| ০৬ | অন্যান্য চুরি | - | - | -- |
| ০৭ | খুন | ০১ | - | ০১ |
| ০৮ | ছিনতাই | ০১ | ০১ | - |
| ০৯ | দাঙ্গাসহ খুন | -- | - | - |
| ১০ | অস্ত্র আইন | - | - | - |
| ১১ | সড়ক দূর্ঘটনা | - | ০২ | - |
| ১২ | মাদকদ্রব্য | - | - | - |
| ১৩ | চোরাচালান | - | ০৩ | ০৪ |
| ১৪ | পুলিশ আক্রান্ত | - | - | ২ |
| ১৫ | নারী নির্যাতন (ধর্ষণ) | - | - | - |
| ১৬ | এসিড নিক্ষেপ | - | - | -- |
| ১৭ | অন্যান্য (নারী নির্যাতন) | - | - | - |
| ১৮ | বিস্ফোরক দ্রব্য (অস্ত্র) | - | - | ০১ |
| ১৯ | দ্রুত বিচার আইন | - | - | - |
| ২০ | অন্যান্য | - | - | - |
| | মোট | ০৮<br>১১ | ১২<br>১৮ | ১৪<br>২২ |

অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা হতে প্রাপ্ত তুলনামূলক অপরাধ চিত্র ও আইন শৃংঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায়, বিগত ডিসেম্বর /২০২১ মাসের তুলনায় জানুয়ারি /২০২২ মাসে অপরাধ কমেছে এবং বিগত বছরের একই সময়ের তুলনায় অপরাধ কমেছে। এ বিষয়ে আইন শৃঙ্খলা কমিটির সভায় উপস্থিত অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা বলেন, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে। এ প্রসঙ্গে সভাপতি বলেন, জনসাধারণ যাতে কোন ধরনের হয়রানি না হয় সে দিকে সর্বদা সতর্ক দৃষ্টি রাখতে হবে।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত | **আলোচনা :** ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ডিসেম্বর/২১ মাসে বিভিন্ন ইউনিয়নে চুরির বিষয় তুলনামলক কম হওয়ায় অফিসার ইনচার্জ জগন্নাথপুর থানা কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। একইভাবে প্রত্যেক ইউনিয়ন হতে সঠিক সময়ে ইউনিয়ন আইনশৃঙ্খলা সভা সম্পন্ন করতঃ সভার কার্যবিবরণী প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>বর্তমানে পানি উন্নয়ন বোর্ডের আওতায় বিভিন্ন হাওড়ে বেরিবাঁধ নির্মানের কাজ চলমান থাকায়, বেরিবাধঁকে গুরুত্ব দিয়ে নির্মানকাজ সম্পন্ন করার জন্য জনাব রিপন মিয়া সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>**সিদ্ধান্ত :** নির্ধারিত তারিখে সভা সম্পন্ন করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট অফিস সমুহে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়রম্যানগণকে অনুরোধ করা হয়। ইউনিয়ন সমূহে চুরি/ ছিনতাই শূন্যের কৌটায় নিয়ে আসার জন্য অফিসার ইনচার্জ, জগন্নাথপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। বর্তমানে পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন বেরিবাঁধের কাজ চলমান থাকায়, তা দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সহিত সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ জগন্নাথপুর থানা, ইউ/পি চেয়ারম্যান (সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ ।<br>ও<br>উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) জগন্নাথপুর |
| ০২ | উপজেলা আইনশৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত : | **আলোচনা :** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ কর্তৃক সভায় জানান যে, বিচ্ছিন্ন কিছু ঘটনা ছাড়া অত্র উপজেলায় তেমন কোন অপরাধ নেই। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে নির্বাচনী আচরণবিধির যাতে অবনতি না হয় সে বিষয়ে উপজেলা প্রশাসনকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ জানান। পাশাপাশি অত্র উপজেলায় ইউপি নির্বাচনকে কেন্দ্র করে যাতে নির্বাচন পরবর্তী আইনশৃঙ্খলার কোন অবনতি না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য অফিসার ইনচার্জ জগন্নাথপুর থানাকে অনুরোধ জানান। এছাড়াও তিনি জগন্নাথপুর শহরের মধ্যে থেকে বাস স্ট্যান্ড সরানোর জন্য প্রয়োজনে মালিক/শ্রমিক সমিতির সকল সদস্যকে নিয়ে সভা আহবানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়<br>**সিদ্ধান্ত :** বিষয়গুলো জনগুরুত্বপূর্ণ বিধায় নজরদারিসহ প্রতিটি বিষয়কে গুরুত্ব দিয়ে যথাসময়ে আইন মোতাবেক ব্যবস্থা নেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় পাশাপাশি মালিক/শ্রমিক সমিতির সকল সদস্যদের নিয়ে সভা আহবানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর,<br>ও<br>অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, ও প্রধান শিক্ষক, (সকল) শিক্ষা প্রতিষ্ঠান, জগন্নাথপুর। |
| ০৩ | বাল্য বিবাহ সংক্রান্ত : | এ উপজেলায় এখন পর্যন্ত কোন বাল্য বিবাহের খবর পাওয়া যায়নি। বাল্যবিবাহ সংক্রান্ত বিষয়ে কোন সংবাদ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সহকারী কমিশনার (ভূমি) এবং অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা ও সংশ্লিষ্ট সকল। |
| | উপজেলা আইনশৃঙ্খলা সমন্বয় সেল | জগন্নাথপুর উপজেলার আইনশৃঙ্খলা সমন্বয় সেল গঠন ও এর নিম্নোক্ত কার্যপরিধি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>(ক) সকল শিক্ষার্থীদের কোভিড ভ্যাকসিনের আওতায় নিয়ে আসার জন্য ব্যবস্থা গ্রহন।<br>(খ) ক্বওমী শিক্ষার্থীদের ভ্যাকসিনের আওতায় নিয়ে আসার জন্য পদক্ষেপ গ্রহন ।<br>(গ) আইন প্রয়োগকারী সংস্থাসমূহের অধিক্ষেত্র /দায়িত্বপ্রাপ্ত এলাকা সমন্বয় করা;<br>(ঘ) হাট বাজারে জনসাধারনের বাধ্যতামূলক মাস্ক পরিধানের বিষয়টি মাইকিং এর মাধ্যমে নিশ্চিতকরন ।<br>(ঙ) করোনা ভাইরাস সংক্রান্ত ইউনিয়ন কমিটি পুর্নগঠন।<br>(চ) জগন্নাথপুর পৌরশহরের যানজট নিরসন।<br>(ছ) ভ্যাকসিনেশন প্রোগ্রামে শৃংখলা রাখার জন্য অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা এবং উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে দায়িত্ব প্রদান ।<br>(জ) ধর্মীয়, সামাজিক, সাংস্কৃতিক এবং রাজনৈতিক অনুষ্ঠান পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত<br>সিদ্ধান্তঃ নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা আইন শৃঙ্খলা সমন্বয় সেল গঠন ও কার্যপরিধি অনুসারে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কমিটি |
| ০৪ | সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি সংক্রান্ত | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর বলেন যে, স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালনের নিমিত্ত অফিসার ইনচার্জ এক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করতে পারেন এবং জগন্নাথপুর | উপজেলা নির্বাহী অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| | | উপজেলার সকল জনপ্রতিনিধিগণ সার্বিক সহযোগিতা করবেন মর্মে উপজেলা আইনশৃংখলা কমিটিকে অবহিত করেন। | অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা। |
| ০৫ | বিবিধ | করোনা ভাইরাস সংক্রমন রোধে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারীকৃত স্বাস্থ্যবিধি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত: অত্র উপজেলার জনপ্রতিনিধিবৃন্দ, ধর্মীয় নেতৃবৃন্দ , রাজনৈতিক নেতৃবৃন্দ, আলেমগণ, বিশিষ্ট ব্যাক্তিবগ , সুশীল সমাজের প্রতিনিধিসহ সর্বস্থরের সকল কে নিজ নিজ অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হয়। তাছাড়াও মোবাইল কোর্ট এর মাধ্যমে স্বাস্থ্যবিধি প্রতিপালনে জনগণকে মাস্ক ব্যবহারে সচেতনতা বৃদ্ধির জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ এবং সংশ্লিষ্ট সকল। |

বিভিন্ন অপরাধ দমনে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করে উপজেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হয়। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭.০১.২০২২

(মোঃ সাজেদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
ইমইেল : unojagannathpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.১১.০১২.২০. ৫৯/২ তারিখ : ১৭/০১/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ ।
২. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৩. জনাব মোঃ হারুন অর রশীদ, মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
১. সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
২. -----------------------------, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৩. উপজেলা ................................................ (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ ।
৪. অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৫. চেয়ারম্যান ..................................... ইউনিয়ন পরিষদ (সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. জনাব...................................................... (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ ।
৭. জনাব আশীষ চক্রবর্তী, সহকারী প্রোগ্রামার, জগন্নাথপুর (ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ ) ।
৮. অফিস নথি/মাস্টার ফাইল ।

১৭.০১.২০২২